

২০২১

বাংলা - সাম্মানিক

ষষ্ঠ পত্র

পূর্ণমান - ১০০

প্রাপ্তলিখিত সংখ্যাগুলি পূর্ণমান নির্দেশক।

উত্তর যথাসম্ভব নিজের ভাষায় লেখা বাঞ্ছনীয়।

(উত্তরের শব্দসংখ্যা পাঠ্যক্রম অনুসারে মান্য করতে হবে।)

- ১। (ক) ‘পুতুলনাচের ইতিকথা’ উপন্যাসে শশী চরিত্রটি কীভাবে প্রচলিত চেনা কাঠামোর বাইরে স্বাভাবিকমণ্ডিত হয়ে উঠেছে তা সংক্ষেপে আলোচনা করো। ১৪
- অথবা,
- (খ) “এ বইখানা মানুষকে যারা পুতুলের মতো নাচায় তাদের বিরুদ্ধে একটি দরদী প্রতিবাদ”। — ‘পুতুলনাচের ইতিকথা’ সম্পর্কে মানিক বন্দ্যোপাধ্যায়ের এই মূল্যায়নকে উপন্যাসটি বিশ্লেষণের মাধ্যমে বিচার করো। ১৪
- ২। (ক) ‘অরণ্যের অধিকার’ উপন্যাসের শিরোনাম অত্যন্ত ব্যঞ্জনাবহ এবং বহুমাত্রিক। — উপন্যাসটি অবলম্বনে মন্তব্যটি বিচার করো। ১২
- অথবা,
- (খ) ‘অরণ্যের অধিকার’ উপন্যাসে অমূল্য আব্রাহাম চরিত্রটির গুরুত্ব ও তাৎপর্য বুঝিয়ে দাও। ১২
- ৩। (ক) ‘নিশীথে’ গল্পটি অতিপ্রাকৃত রসের আড়ালে মানব মনস্তত্ত্বের বিশ্লেষণ। — আলোচনা করো। ১২
- অথবা,
- (খ) ‘ল্যাবরেটরী’ গল্পের সোহিনী চরিত্র নির্মাণে রবীন্দ্রনাথের বিশেষত্ব আলোচনা করো। ১২
- ৪। (ক) ‘ইতিহাস ও রোমান্সের অপূর্ব মেলবন্ধন ঘটেছে ‘চুয়াচন্দন’ গল্পে”। — আলোচনা করো। ১৫
- অথবা,
- (খ) ‘মহানগর’ গল্পের শেষে বালক রতনের জীবন-অভিজ্ঞতার স্বরূপ বিশ্লেষণ করো। ১৫
- ৫। (ক) ‘অন্তঃসলিলা’ গল্পে নবীন লেখিকা শকুন্তলা দেবীর পারিবারিক বিরুদ্ধ পরিবেশটি সাবিত্রী রায় কীভাবে তুলে ধরেছেন তা দেখাও। ১৫
- অথবা,
- (খ) “ফণীশ্বরনাথ রেণুর ‘দাহ’ গল্পের ফাতিমা চরিত্রে সমকালীন ভারতবর্ষেরই প্রতিফলন ঘটেছে।” — মন্তব্যটির যথার্থ্য বিচার করো। ১৫

Please Turn Over

- ৬। (ক) “কাকে ডাকছেন ছোটোবাবু? কে যাবে আপনার সঙ্গে?” — কার উক্তি? কোন প্রসঙ্গে? তাৎপর্য বিশ্লেষণ করো। ১+১+২

অথবা,

- (খ) “বিন্দু বলিল, লাভ হলো বই কি দাদা! চলে না এলে কি করে বুঝতাম যে ওখানে অমনিভাবে থাকা ছাড়া আমার গতি নেই?” — বিন্দু কে? উক্তিটির তাৎপর্য বিশ্লেষণ করো। ১+৩

- ৭। (ক) “বীরসা জানতো না, ও হেঁটেছিল এক জন্ম, এক জীবন থেকে আরেক জীবনের দিকে।” — প্রসঙ্গ উল্লেখ করে উদ্ধৃতিটি ব্যাখ্যা করো। ১+৩

অথবা,

- (খ) “দিকুতে সাহেবে মিলে মোরে বারেবারে অশুচ করে।” — কার অশুচি হওয়ার কথা বলা হয়েছে? তার অশুচি হওয়ার কারণ কী? ১+৩

- ৮। (ক) “আমি এই এক রাত্রে মহাপ্রলয়ের তীরে দাঁড়াইয়া অনন্ত আনন্দের আশ্বাদ পাইয়াছি।” — উদ্ধৃতিটির তাৎপর্য বুঝিয়ে দাও। ৪

অথবা,

- (খ) “প্রকৃতি যেন তাহার ভাষার অভাব পূরণ করিয়া দেয়, যেন তাহার হইয়া কথা কয়।” — কার কথা বলা হয়েছে? উদ্ধৃতিটির তাৎপর্য ব্যাখ্যা করো। ১+৩

- ৯। যে-কোনো দুটি প্রশ্নের উত্তর দাও :

- (ক) “এক ফোঁটা ওষুধও তো দিলে না।” — কে, কাকে, কোন প্রসঙ্গে বলেছে? ১+১+৩
- (খ) “মন্ত্রশক্তি নির্মম অমোঘ, কাউকে রেহাই দেবে না।” — কথাটির তাৎপর্য ব্যাখ্যা করো। ৫
- (গ) “পায়ে দিয়ে একবার হেঁটে দেখলাম যেমন নরম, তেমনি আরাম।” — কথাটির অন্তর্নিহিত তাৎপর্য ব্যাখ্যা করো। ৫
- (ঘ) “আজকের এই এত লাল রক্তের দাগ নেই।” — উক্তিটি কোন গল্পের অন্তর্গত? এটির তাৎপর্য বিশ্লেষণ করো। ১+৪

- ১০। যে-কোনো দুটি প্রশ্নের উত্তর দাও :

- (ক) “আমি সত্যই খ্রিস্টান নাই গো বাপ।” — উক্তিটি কার? প্রসঙ্গ উল্লেখ করে উক্তিটি ব্যাখ্যা করো। ১+১+৩
- (খ) “অনেকক্ষণ এই সন্দ্বিহান ও অস্বস্তিকর অবস্থানে দুজনেই অধৈর্য হয়ে পড়ে।” — দু-জন কে কে? প্রসঙ্গটি ব্যাখ্যা করো। ১+১+৩
- (গ) “দাও, পরিয়ে দাও।” — কে, কাকে, কোন প্রসঙ্গে একথা বলেছে? ১+১+৩
- (ঘ) “মৃত্যুর মতো হিমশীতল স্তব্ধতা আকাশে ছড়িয়ে পড়ে।” — প্রসঙ্গটি ব্যাখ্যা করো। ৫